



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/০৫

তারিখ : ২৪ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬২৮তম কমিশন সভা অদ্য ০৬/০২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে :

কমিশন অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি 'VIPB Growth Fund'-এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'ভিআইপিভি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী' ২ কোটি টাকা প্রদান করবে এবং বাকি ১৮ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ভিআইপিভি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী, সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড।

  
০৬/০২/২০১৮

মো: সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।